



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ১৬ ভাদ্র ১৪৩০
৩১ আগস্ট ২০২৩

প্রশাসনিক পরিপত্র নং- ৪৭ /২০২৩

ইউনিভার্সাল ফাইন্যান্সিয়াল সলিউশনস লিমিটেড (ইউএফএসএল) কর্তৃক মিউচুয়াল ফান্ডসমূহ হতে অর্থ আত্মসাৎ-এর বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন কর্তৃক Suo Muto Rules নং-০৬/২০২৩ জারি করা হয়। মহামান্য আদালত ২৭ জুলাই ২০২৩ তারিখে উক্ত রুলের বিষয়ে একটি মধ্যবর্তী রায় প্রদান করেন এবং উপর্যুক্ত রায় অনুযায়ী ইউনিভার্সাল ফাইন্যান্সিয়াল সলিউশনস লিমিটেড (ইউএফএসএল) কর্তৃক আত্মসাৎকৃত এবং পাচারকৃত অর্থের মোট পরিমাণ নির্ধারণ এবং সংশ্লিষ্ট বিষয়ে একটি প্রতিবেদন অ্যাফিডেভিট আকারে ২৬ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে আদালতে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, ইউএফএসএল কর্তৃক মিউচুয়াল ফান্ডসমূহ হতে আত্মসাৎকৃত এবং পাচারকৃত মোট অর্থের পরিমাণ নির্ধারণ ও সংশ্লিষ্ট বিষয়ে একটি প্রতিবেদন অ্যাফিডেভিট আকারে আদালত কর্তৃক নির্ধারিত সময় অর্থাৎ ২৬ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে আদালতে দাখিল করার নিমিত্ত নিয়োক্তভাবে তদন্ত কমিটি গঠন করা হলো:

০১. মহাব্যবস্থাপক (অ্যাডমিন)	সভাপতি
০২. উপ-মহাব্যবস্থাপক, ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন	সদস্য
০৩. উপ-মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস্ ডিভিশন	সদস্য
০৪. সহকারী মহাব্যবস্থাপক, ল' ডিপার্টমেন্ট	সদস্য
০৫. সহকারী মহাব্যবস্থাপক, ট্রাস্টি ডিপার্টমেন্ট	সদস্য-সচিব

০৩। কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।


(মোঃ আবুল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।